# সেপ্টেম্বর/২০২২ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী

স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ থেকে

তারিখ : ১৮/০৯/২০২২ খ্রি.

সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি সেপ্টেম্বর/২২ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান নিম্নোক্ত ছকে উল্লেখ করেন।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পাবা | ৪৪৩ | ৩৫৩ | ৪৭ | ৪৫ | ১০ | ৩৭ | ৩২২ | ৮৩ | ৭১ | ১০৮ | ৮৩ | ১১৭ |
| ২ | তানোর | ৬৮৭ | ৫০২ | ২৫২ | ১০৯ | ৬৬ | ৯২ | ৫০৯ | ২০৬ | ১৫৮ | ৩০৩ | ২৬৪ | ২২৩ |
| ৩ | মোহনপুর | ৫৬০ | ২৩১ | ১০৯ | ৩৩ | ২৩ | ৫৬ | ৩২৮ | ১৬ | ১১ | ২২৫ | ১৩৫ | ১৫২ |
| ৪ | বাগমারা | ৫৮১ | ৩৫০ | ২৭০ | ৬৯ | ৪৫ | ৩৬ | ৫২১ | ৭৯ | ৪২ | ১৯৪ | ১৮৩ | ১৮০ |
| ৫ | দুর্গাপুর | ৩৮৫ | ২৪০ | ১৮২ | ৫৯ | ৩০ | ৩৩ | ২১৬ | ৪০ | ৪৮ | ১৮৯ | ১৩২ | ১২৯ |
| ৬ | পুঠিয়া | ৫৩৫ | ২৫৭ | ৯০ | ৬০ | ৫৬ | ২০ | ৩১৭ | ৮৭ | ৩৯ | ১৪২ | ১৪৫ | ১১১ |
| ৭ | গোদাগাড়ী | ৯৮৫ | ৮৩৪ | ১৭৮ | ১২৬ | ৫৬ | ৬৮ | ৪১৭ | ২৩২ | ১৬৯ | ৩৫৪ | ৩০৮ | ২৭৬ |
| ৮ | চারঘাট | ৪৬৭ | ২৭৪ | ১৪৫ | ৪৬ | ২৫ | ১৫ | ২৫০ | ৭২ | ৬৪ | ১৯৩ | ১২৯ | ৮০ |
| ৯ | বাঘা | ৫৪০ | ৩০৭ | ১৬৪ | ৮০ | ৫১ | ২৬ | ২৫০ | ৭৭ | ৪৮ | ২৬৭ | ২৫৯ | ১৮৪ |
| ১০ | বোয়ালিয়া | ২৬ | ১৬ | ১৪ | ৪ | ১ | ১ | ১৬ | ১০ | ০ | ৯ | ৪ | ৩ |
| ১১ | মতিহার | ২৭ | ১৭ | ১২ | ৩ | ১ | ০ | ১৫ | ৫ | ০ | ১০ | ৬ | ৬ |
| | মোট | ৪২৩৪ | ৩৩৮০ | ১৪৬৩ | ৬৩৪ | ৩৬৩ | ৩৮৪ | ৩১৬১ | ৯০৬ | ৬৬০ | ১৯৯৪ | ১৬৪৭ | ১৪৬১ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ২৬৭৫ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৬৫৯ মেঃটন, এমওপি ১৯.৫৫ মেঃটন এবং ডিএপি ৩৯৪১ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ১১০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২১১৬ মেঃটন, টিএসপি ১৯১ মেঃটন, এমওপি ৫৪৩ মেঃটন এবং ডিএপি ১১৯৫ মেঃটন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(২) সার বিতরণ ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

(৩) প্রয়োজনে উপজেলা প্রশাসনের সহায়তায় মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হলো।

আলোচনা - ৩ : মেসার্স লুৎফর রহমান, বিসিআইসি সার ডিলার, বাঘা, রাজশাহীর ডিলারশীপ বাতিল প্রসঙ্গে।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স লুৎফর রহমান, প্রোঃ মোঃ লুৎফর রহমান, বিসিআইসি সার ডিলার, পাকুড়িয়া ইউনিয়ন, বাঘা, রাজশাহীর অনুকূলে চলতি সেপ্টেম্বর/২২ মাসের বরাদ্দকৃত সারের মধ্যে (৩৫ বস্তা ইউরিয়া এবং ৩৫ বস্তা ডিএপি) ৩.৫ মে.টন সার গত ০৭/০৯/২০২২ তারিখে তাঁর নিজস্ব গুদাম হতে কালোবাজারীর মাধ্যমে অধিক মুনাফা লাভের আশায় ট্রলিযোগে পাবনা জেলার ঈশ্বরদী উপজেলায় নিয়ে যাচ্ছিল। যাবার পথে নাটোর জেলার লালপুর উপজেলার উপসহকারী কৃষি অফিসার মোঃ আজিজুর রহমান সন্দেহমূলক ভাবে সারসহ ট্রলিটি আটক করে উপজেলা নির্বাহী অফিসার, লালপুর মহোদয়কে অবহিত

করেন। উপজেলা নির্বাহী অফিসার, লালপুর নাটোর উপজেলা নির্বাহী অফিসার, বাঘা, রাজশাহীকে অবহিত করেন এবং আটককৃত সারসহ ট্রলি পুলিশের সহায়তায় উপজেলা কৃষি অফিসার, ও কৃষি সম্প্রসারণ অফিসার, বাঘা, রাজশাহীর নিকট চন্ডিপুর গ্রামস্থ তিনখুটির মোড় নামক স্থানে হস্তান্তর করেন। পরবর্তীতে উপজেলা কৃষি অফিসার, বাঘা, রাজশাহী উক্ত ডিলারের বিরুদ্ধে বাঘা থানায় নিয়মিত মামলা দায়ের করেন, যার মামলা নং ৬/২৬৪, তারিখ ০৭/০৯/২০২২। বর্তমানে কৃষি বান্ধব সরকার কৃষকের দোড়গোড়ায় নিরবিচ্ছিন্ন সার সরবরাহের জন্য বদ্ধপরিকর। এমতাবস্থায় কৃত্রিম সার সংকট সৃষ্টির উদ্দেশ্যে ও অধিক মুনাফা লাভের আশায় উক্ত ডিলার কর্তৃক কালোবাজারীর মাধ্যমে সার পাচার বর্তমান সরকারের ভাবমূর্তিকে চরমভাবে ক্ষুন্ন করেছে। এহেন পরিস্থিতিতে উক্ত বিসিআইসি সার ডিলারের বিরুদ্ধে "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর ১২.৪ ধারা এবং বিসিআইসির সাথে সার ডিলারদের চুক্তিনামার ২৩ নং ধারা মোতাবেক ব্যবস্থা গ্রহণের সুযোগ রয়েছে। সভার সভাপতি বলেন সার কালোবাজারীর দায়ে বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ এর ২৫ ধারা মোতাবেক তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বাঘা, রাজশাহী উক্ত ডিলারের ডিলারশীপ বাতিলের সুপারিশসহ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবরে সভার কার্যবিবরণী প্রেরণ করেছেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : (১) "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯" এর ১২.৪ ধারা, বিসিআইসির সাথে সার ডিলারদের চুক্তিনামার ২৩ নং ধারা এবং বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ এর ২৫ ধারা মোতাবেক মেসার্স লুৎফর রহমান, প্রোঃ মোঃ লুৎফর রহমান, বিসিআইসি সার ডিলার, পুকুড়িয়া ইউনিয়ন, বাঘা, রাজশাহীর ডিলারশীপ বাতিলের জন্য বিসিআইসি কর্তৃপক্ষ বরাবরে সুপারিশ করা হল। এ বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিসিআইসি কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

(২) যেহেতু মেসার্স লুৎফর রহমান, বিসিআইসি সার ডিলার, বাঘা, রাজশাহীর ডিলারশীপ বাতিলের সুপারিশ করা হলো তাই পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাঘা উপজেলার পাকুড়িয়া ইউনিয়নের সার বিতরণের জন্য পার্শ্ববর্তী ইউনিয়নের বিসিআইসি সার ডিলার মেসার্স আব্দুল গণি, প্রোঃ মোঃ আব্দুল গণি, গড়গড়ি ইউনিয়ন, বাঘা, রাজশাহী-কে দায়িত্ব দেওয়া হলো।

আলোচনা - ৪ : বাঘা থানায় আটককৃত সার প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, গত ০৭/০৯/২০২২ তারিখে আটককৃত ইউরিয়া ও ডিএপি সার কৃষকের স্বার্থে রোপা আমন ধানে ব্যবহারের জন্য পাকুড়িয়া ইউনিয়নের কৃষকদের মাঝে সরকারী মূল্যে বিক্রয়ের লক্ষ্যে তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠনের বিষয়ে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বাঘা, রাজশাহী সভার কার্যবিবরণীর মাধ্যমে প্রস্তাব প্রেরণ করেন। আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলো।

সিদ্ধান্ত : উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, বাঘা, রাজশাহীর সিদ্ধান্ত মোতাবেক আটককৃত সার বিক্রয়ের জন্য কমিটি গঠনের প্রস্তাব অনুমোদন করা হলো । উক্ত সার পাকিড়িয়া ইউনিয়নের কৃষকদের মাঝে সরকারী মূল্যে বিক্রয় পূর্বক বিক্রয়লব্ধ অর্থ সরকারী কোষাগারে জমা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরি কমিটি, বাঘা, রাজশাহীকে অনুরোধ জানানো হলো।

আলোচনা – ৫ : মেট্রোপলিটন কৃষি অফিস, মতিহার, রাজশাহীর ডিলারভিত্তিক সার বরাদ্দ প্রদান প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, রাজশাহী মেট্রোপলিটন এলাকায় কৃষি সসম্প্রসারণ অধিদপ্তরের ০২টি অফিস যথাক্রমে মেট্রোপলিটন কৃষি অফিস, বোয়ালিয়া এবং মেট্রোপলিটন কৃষি অফিস, মতিহার, রয়েছে। এতদিন যাবৎ জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সিদ্ধান্ত মোতাবেক মেট্রোপলিটন কৃষি অফিস, বোয়ালিয়া, রাজশাহী ডিলারদের সারের বরাদ্দপত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী এবং মেট্রোপলিটন কৃষি অফিস, মতিহার, রাজশাহীর ডিলারদের সারের বরাদ্দপত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী স্বাক্ষর করে আসছেন। তিনি গত আগস্ট/২২ মাসের মেট্রোপলিটন কৃষি অফিস, মতিহার, রাজশাহীর সারের বরাদ্দ স্বাক্ষর পূর্বক নোটে উল্লেখ করেন যে, যেহেতু মেট্রাপলিটন এলাকার বোয়ালিয়া অঞ্চলের বরাদ্দপত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রাজশাহী কর্তৃক প্রতিস্বাক্ষরিত হয় সুতরাং মতিহার অঞ্চলের বরাদ্দপত্রের বিষয়ে সিদ্ধান্তের জন্য পরবর্তী জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় এ বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : মেট্রোপলিটন কৃষি অফিস, বোয়ালিয়া, রাজশাহী এবং মেট্রোপলিটন কৃষি অফিস, মতিহার রাজশাহীর সার বিষয়ক সকল পত্রে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী প্রতিস্বাক্ষরকারী হিসাবে দায়িত্ব পালন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচনা – ৬ : মেসার্স রহমান ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, মোহনপুর, রাজশাহীর আবেদন প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স রহমান ট্রেডার্স, বিসিআইসি সার ডিলার, মোহনপুর, রাজশাহীর তার এসাইনকৃত ইউনিয়ন রায়ঘাটি হতে কেশরহাট পৌরসভায় ডিলারশীপ স্থানান্তরের জন্য আবেদন জানিয়েছেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০০৯ এর আলোকে বিষয়টি যাচাই-বাছাই পূর্বক পরবর্তীতে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/৭/২২

আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ১৪৭১ (৫৬) তারিখঃ ২১/০৭/২০২২খ্রি:

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
.......................................................................................(কমিটির সকল সদস্য)
.......................................................................................
.......................................................................................

২১/৭/২২

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০২৫৮৮৮-৬১৭৭১